



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা কলেজ, ঢাকা।

নোটিশ

একাদশ শ্রেণিতে ভর্তি (শিক্ষাবর্ষ : ২০১৭-২০১৮)

তারিখ: ১০/০৬/২০১৭

এতদ্বারা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত ঢাকা কলেজের বিভিন্ন শাখায় ভর্তির জন্য শিক্ষার্থীরা নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তির কার্যক্রম সম্পাদন করতে হবে।

- ১। ঢাকা কলেজে ভর্তি প্রক্রিয়া আগামী ২০/০৬/২০১৭ হতে ২২/০৬/২০১৭ পর্যন্ত শিওরক্যাশ-এ টাকা জমা প্রদান সাপেক্ষে সম্পূর্ণ অনলাইনে চলবে।
- ২। শিওরক্যাশ-এর বাংলাদেশের যে কোন বুথের মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি জমা দান করতে হবে। শিওরক্যাশ বুথ এর ঠিকানা ঢাকা কলেজের ওয়েব সাইটে পাওয়া যাবে। (শিওরক্যাশের Help Line: 0960 6060607)
(শুধুমাত্র কোটায় ভর্তির ক্ষেত্রে কলেজে স্বশরীরে উপস্থিত হয়ে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজ দাখিলপূর্বক শিওরক্যাশ এ টাকা প্রদান করার অনুমোদন গ্রহণ করতে হবে।)
- ৩। ভর্তি ফি: (বিজ্ঞান=৩১১৫/- টাকা, মানবিক ও ব্যবসায় শিক্ষা= ৩০১৫/- টাকা) শিওরক্যাশ-এ জমা দেওয়ার সময় নিচের তথ্যগুলো প্রদান করতে হবে।

Payment keyword : DCI
Student ID : SSC Roll (6 digit SSC Roll)

- ৪। টাকা জমা দানের পর শিওরক্যাশ থেকে মোবাইলে একটি Transaction ID প্রদান করা হবে।
- ৫। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য ২০/০৬/২০১৭ থেকে ২২/০৬/২০১৭ তারিখ এর মধ্যে ঢাকা কলেজের ওয়েব সাইটে www.dhakacollege.edu.bd গিয়ে online Admission ক্লিক করে online এ ফরম পূরণ করতে হবে। অবশ্যই সদ্য তোলা ছবি ব্যবহার করতে হবে। পূরণকৃত ফরম ডাউনলোড করে নিজের সংগ্রহে রাখতে হবে। এই ফর্মে ক্লাসরোল সয়ংক্রিয়ভাবে তৈরী হবে। এখানেই ভর্তি প্রক্রিয়া শেষ হবে।
- ৬। ক্লাস শুরু ১০ দিনের মধ্যে ঢাকা কলেজের আইসিটি বিভাগে উপস্থিত হয়ে Finger Print ও ছবি তোলার মধ্য দিয়ে বায়োমেট্রিক রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, পরবর্তীতে এই Finger Print এর মাধ্যমে ছাত্র হাজিরা গ্রহণ করা হবে।
- ৭। কোটা সুবিধাপ্রাপ্ত ছাত্রদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে।
FQ: সরকার কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ ও গেজেটের কপি এবং বাবা-মায়ের জাতীয় পরিচয়পত্রের কপি/এসএসসি এর সনদের কপি।
EQ: প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত বাবা-মায়ের কর্মস্থলের প্রত্যয়নপত্র।
PO: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বাবা-মায়ের প্রত্যয়নপত্র।

সেকশন ও ক্লাসরুম

বিভাগ	শ্রেণিরোল	সেকশন	ক্লাস রুম
বিজ্ঞান	০০১-১৫০	A	গ্যালারী - ১
	১৫১-৩০০	B	গ্যালারী - ২
	৩০১-৪৫০	C	গ্যালারী - ৩
	৪৫১-৬০০	D	গ্যালারী - ৪
	৬০১-৭৫০	E	গ্যালারী - ৫
	৭৫১-৯০০	F	গ্যালারী - ৬
ব্যবসায় শিক্ষা	০০১-২২৫	-	কক্ষ নং- ২
মানবিক	০০১-২০০	-	কক্ষ নং- ৬

ড্রেসকোড

ছাত্রদের নিম্নোক্ত ড্রেসকোড অবশ্যই অনুসরণ করতে হবে।

গ্রীষ্মকাল	শীতকাল
১। সাদা হাফ/ফুল শার্ট, বুক পকেটে ঢাকা কলেজের মনোগ্রাম। (মনোগ্রাম ২০/- টাকায় ১০৪ নং কক্ষে পাওয়া যাবে)	১। সাদা হাফ/ফুল শার্ট, বুক পকেটে ঢাকা কলেজের মনোগ্রাম।
২। কালো ফুলপ্যান্ট।	২। কালো ফুলপ্যান্ট।
৩। কালো জুতা।	৩। নেভি ব্লু হাফ/ফুল সোয়েটার।
৪। রিবন সম্বলিত আইডি কার্ড পরিধান করতে হবে।	৪। কালো জুতা।
	৫। রিবন সম্বলিত আইডি কার্ড পরিধান করতে হবে।

ক্লাস শুরু, রুটিন ও হাজিরা

- ১। আগামী ১লা জুলাই ২০১৭ সকাল ৮.০০ টা থেকে রুটিন অনুযায়ী নির্দিষ্ট শ্রেণিকক্ষে ক্লাস শুরু হবে।
- ২। ক্লাস রুটিন ঢাকা কলেজ ওয়েবসাইটে যথাসময়ে পাওয়া যাবে।
- ৩। ফিঙ্গার প্রিন্টের মাধ্যমে প্রতিদিনের হাজিরা বায়োমেট্রিক পদ্ধতিতে নেওয়া হবে।
প্রথম ফিঙ্গার প্রিন্ট : সকাল ৭.৪৫ থেকে ৮.১৫ পর্যন্ত।
দ্বিতীয় ফিঙ্গার প্রিন্ট : সকাল ১১.০০ থেকে ১১.৩০ পর্যন্ত।
- ৪। শ্রেণিকক্ষে উপস্থিত থেকে প্রতিদিন সকাল ৮.১০- এ জাতীয় সঙ্গীতের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করতে হবে।

অধ্যক্ষ
ঢাকা কলেজ, ঢাকা

আহবায়ক,
একাদশ শ্রেণি ভর্তি কমিটি
ঢাকা কলেজ, ঢাকা